# ভাল নিয়োগকর্তা • সহায়ক বিদেশী গৃহকর্মী

## আপনার দায়িত্ব পালন করুন • সম্প্রীতির মধ্যে বসবাস করুন

বিদেশী গৃহকর্মী এবং নিয়োগকর্তাদের জন্য দারুণ কিছু পরামর্শ

## একে অপরকে সম্মান করুন • আপনার দায়িত্ব পালন করুন

### একই ছাদের নীচে সম্প্রীতির সাথে বসবাস করুন

নিয়োগকর্তা এবং বিদেশী গৃহকর্মীদের (FDHs) একে অপরকে সম্মান করা উচিত এবং নিজেদের দায়িত্ব পালন করা উচিত যাতে সম্প্রীতি বজায় থাকে এবং একটি সৌহার্দ্যপূর্ণ, দীর্ঘমেয়াদী সম্পর্ক গড়ে তুলতে পারে। কর্মসংস্থান সংক্রান্ত বিরোধের ক্ষেত্রে, উভয় পক্ষেরই অবিলম্বে সহায়তা চাওয়া উচিত এবং সহিংসতা বা অন্যান্য বেআইনি কাজ করা উচিত নয়। শ্রম অধিদপ্তরের (LD) শ্রম সম্পর্ক বিভাগ নিয়োগকর্তা এবং FDH-দের তাদের শ্রম বিরোধ নিষ্পত্তিতে সহায়তা করার জন্য বিনামূল্যে সমঝোতা পরিষেবা দিয়ে থাকে।

## সময়মতো মজুরি প্রদান করুন

| |
|---|
| সময়মতো উঠতে হবে!<br><br>স্কুলের জন্য সময়নিষ্ঠ হতে হবে! |
| মা, তোমাকেও সময়ানুবর্তী হতে হবে!<br><br>তুমি কী বোঝাতে চাইছো? |
| আমাদের সাহায্যকারীকে সময়মতো মজুরি দিতে ভুলবেন না! |

স্ট্যান্ডার্ড এমপ্লয়মেন্ট কন্ট্রাক্টে (SEC) উল্লিখিত মজুরির হার ন্যূনতম অনুমোদিত মজুরির চেয়ে কম হওয়া উচিত নয়। মজুরির মেয়াদের শেষ কর্মদিবস অতিবাহিত হলেই মজুরি বকেয়া হবে। নিয়োগকর্তাদের উচিত সময়মতো FDH-দেরকে SEC-তে নির্ধারিত মজুরি প্রদান করা এবং ভবিষ্যত বিরোধ এড়াতে মজুরি প্রদানের রেকর্ড রাখা (যেমন একটি রসিদে উভয় পক্ষ কর্তৃক স্বাক্ষর প্রদান করা)।

## ছুটি মঞ্জুর করুন

| |
|---|
| মা, আমি আজ ছুটিতে যাচ্ছি! |
| তুমি পরে ছুটি নেও, আমাকে যখন-তখন ছুটির জন্য  বলবে না... |

এমপ্লয়মেন্ট অর্ডিন্যান্স অনুসারে, একজন FDH প্রতি সাত দিনে এক দিন বিশ্রাম, বিধিবদ্ধ ছুটি এবং বেতন সহ বার্ষিক ছুটি পাওয়ার অধিকার পাবেন। যদি কোনও FDH-কে তার মূল বিশ্রামের দিন বা বিধিবদ্ধ ছুটির দিনে কাজ করার প্রয়োজন হয়, তাহলে নিয়োগকর্তাকে FDH-এর জন্য একটি বিকল্প ছুটির ব্যবস্থা করা উচিত। কোনও নিয়োগকর্তা তার FDH-কে ছুটি দিতে ব্যর্থ হলে তিনি একটি অপরাধ করলেন।

## উপযুক্ত বীমা গ্রহণ করুন

| |
|---|
| এত উঁচুতে দাঁড়িয়ে আলমারি পরিষ্কার করা ঝুঁকিপূর্ণ! |
| সতর্ক থেকো! চা খুব গরম। |
| আপনি আপনার গৃহকর্মী সম্পর্কে অনেক বেশি যত্নশীল |
| আমি সত্যিই চিন্তিত...যেহেতু আমি এখনও তার জন্য বীমা করিনি...<br><br>কিন্তু এটা একটা অপরাধ! |

নিয়োগকর্তাদের আইন অনুসারে তাদের FDH-দের জন্য কর্মী ক্ষতিপূরণ বীমা গ্রহণ করতে হবে। SEC'র আরও শর্ত রয়েছে যে, নিয়োগকর্তারা হংকং-এ চাকরিতে থাকা FDH-দের বিনামূল্যে চিকিৎসা প্রদান করবেন। নিয়োগকর্তাদের বিস্তৃত FDH বীমা পলিসি নেওয়ার জন্য সুপারিশ করা হয় যাতে আইন এবং SEC'র শর্তাবলী পূরণ করতে চিকিৎসা বীমা এবং কর্মী ক্ষতিপূরণ বীমা উভয়ই কভার করে।

## কাজের রুটিন সম্পর্কে একমত হোন

| |
|---|
| একটি নিয়মিত রুটিন রাখো, তা পড়াশোনা, কাজ বা বিশ্রাম যাই হোক! |
| বুঝলে?<br><br>হ্যাঁ! |
| মা কেন সবসময় ঘুমিয়ে পড়েন?<br><br>মা প্রতি রাতে টিভি দেখতে দেখতে দেরি করে ঘুমাতে যান... |

নিয়োগকর্তাদের FDH-দের সাথে ভালো যোগাযোগ বজায় রাখা উচিত এবং কাজের রুটিন এবং কখন বিশ্রাম নিতে হবে সে বিষয়ে তার সাথে একমত হওয়া উচিত। পর্যাপ্ত বিশ্রাম FDH-দের উৎপাদনশীলতা এবং দক্ষতা বাড়াতে পারে।

## বিনামূল্যে খাদ্য বা খাদ্য ভাতা প্রদান করুন

| |
|---|
| তুমি তোমার ঘরের কাজ করছো না কেনো?<br><br>এক মিনিটের মধ্যে করছি! |
| এখন খেলা বন্ধ করো, নইলে আজ রাতে ডিনার পাবে না!<br><br>আমাকে আগে এই রাউন্ড শেষ করতে দিন! |
| মা, খাবার দিতে হবে অথবা এর জন্য টাকা দিতে হবে! |

বিনামূল্যে খাদ্য সরবরাহ করা হবে বা খাদ্য ভাতা প্রদান করা হবে কিনা সে বিষয়ে নিয়োগকর্তাদের তাদের FDH-দের সাথে একমত হওয়া উচিত। নিয়োগকর্তারা যদি নির্দিষ্ট সময়ের জন্য বিনামূল্যে খাবার দিতে অক্ষম হন (উদাহরণস্বরূপ, যখন তারা বিদেশ ভ্রমণে থাকবেন), সেই সময়ের জন্য খাদ্য ভাতা প্রদান করা উচিত। নিয়োগকর্তারা FDH-দের ধর্ম বিশ্বাস এবং খাদ্যাভ্যাস বোঝার চেষ্টা করতে পারেন যাতে তাদেরকে পর্যাপ্ত এবং উপযুক্ত খাবার সরবরাহ করা যায়।

## উপযুক্ত আবাসন সুবিধা এবং যুক্তিসঙ্গত গোপনীয়তা নিশ্চিত করুন

| |
|---|
| মারিয়া, ভিতরে আসো এবং আমার প্রাসাদে থাকো! |
| মাও কি যোগদান করতে পারেন?<br><br>না! |
| এই ধরনের অস্থায়ী তাঁবু মারিয়ার বসবাসের জন্য উপযুক্ত নয়। |

নিয়োগকর্তারা অবশ্যই তাদের বাড়িতে চুক্তি মোতাবেক FDH-দের বিনামূল্যে উপযুক্ত আবাসন প্রদান করতে করবেন এবং যুক্তিসঙ্গত গোপনীয়তা রক্ষা করবেন। অনুপযুক্ত বাসস্থানের উদাহরণ হল: FDH-দের করিডোরে বিছানা বিছিয়ে ঘুমাতে হয় যেখানে তাদের কোনো গোপনীয়তা রক্ষার সুযোগ নেই বা বিপরীত লিঙ্গের প্রাপ্তবয়স্ক ব্যক্তি//কিশোর/কিশোরীর সাথে একটি রুমে ঘুমাতে হয়। যদি কোনো FDH মনে করেন, যে নিয়োগকর্তা উপযুক্ত বাসস্থান প্রদান করতে অক্ষম বা তার অধিকার লঙ্ঘন করা হয়েছে, তাহলে তিনি সহায়তার জন্য কর্তৃপক্ষের দ্বারস্থ হবেন।

## FDH-গণ চুক্তিবহির্ভূত কোনো ঠিকানায় বা তার নিয়োগকর্তা ব্যতীত অন্য ব্যক্তিদের কাজ করতে পারবেন না

| |
|---|
| আমি আমার গাড়ীটি ধুতে যাচ্ছি। আমি কি আপনার পালক ডাস্টার ব্যবহার করতে পারি?<br><br>অবশ্যই! |
| আর গ্লাস ক্লিনারটি?<br><br>কোনো সমস্যা নেই! |
| আপনার গৃহকর্মী কেমন?<br><br>একেবারে না! |

চুক্তি অনুসারে DH-দের শুধুমাত্র নিয়োগকর্তাদের বাসভবনের গার্হস্থ্য কাজকর্ম করার অনুমতি রয়েছে। চুক্তিতে উল্লিখিত আবাসস্থল ব্যতীত অন্য জায়গায় অ-গার্হস্থ্য দায়িত্ব পালন বা কাজ করার জন্য একজন FDH-কে নিযুক্ত করা অপরাধ হিসেবে সাব্যস্ত হতে পারে। এছাড়াও, একজন FDH যদি তার নিয়োগকর্তা ব্যতীত অন্য কোনো ব্যক্তির কাজ করেন, বা পার্ট-টাইম গার্হস্থ্য দায়িত্ব পালন করেন,তাহলেও তা অপরাধ হিসেবে গণ্য

হবে।

## FDH-গণ শুধুমাত্র চুক্তিতে উল্লিখিত আবাসিক ঠিকানায় থাকতে পারবেন

| |
|---|
| আজ রাতে নানীর বাড়িতে থাকতে এসো এবং আমি তোমাকে একটি আইসক্রিম খেতে দেব।<br><br>ঠিক আছে! |
| আমি তোমাকে আজ রাতে নানীর বাড়িতে থাকতে পাঠাচ্ছি তার দিকে খেয়াল রাখতে... |
| মা, আমি কাজ করতে পারবো না এবং অন্য জায়গায় থাকতে পারবো না... |

চাকরির মেয়াদে চুক্তি মোতাবেক FDH-গণ শুধুমাত্র নিয়োগকর্তার বাসভবনে কাজ করবেন এবং থাকবেন। নিয়োগকর্তার অন্য কোনো বাড়িতে বা আত্মীয়দের বাসস্থানে বসবাসের জন্য একজন FDH-কে নির্দেশ দিলে তা প্রাসঙ্গিক বিধি-বিধানের পরিপন্থী।

## FDH-দের কাগজপত্র আটকে রাখবেন না

| |
|---|
| আমি এটা বিশ্বাস করতে পারছি না...কিন্তু তোমাকে অনেক তরুণ দেখাচ্ছে।<br><br>এটা সত্য। আমি মায়ের সমবয়সী। |
| বিশ্বাস না হলে আমি আপনাকে আমার পরিচয়পত্র দেখাতে পারি। |
| মা, আমার পরিচয়পত্র ফেরত দিন! |

কেউ (FDH-দের নিয়োগকর্তা এবং কর্মসংস্থান সংস্থা (EAs) সহ) FDH-দের ব্যক্তিগত সম্পত্তি যেমন পাসপোর্ট, পরিচয়পত্র এবং ব্যাংকের কার্ড আটকে রাখতে পারেন না, এরূপ করলে তা অপরাধ হিসেবে পরিগণিত হবে। FDH-দের তাদের ব্যক্তিগত পরিচয়পত্র এবং সম্পত্তি তাদের নিজেদের কাছে রাখতে হবে। যদি কোনো FDH তার অধিকার লঙ্ঘন করা হয়েছে বলে মনে করেন, তাহলে তাকে যত তাড়াতাড়ি সম্ভব কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করা উচিত।

## আপনার টাকা পয়সা হেফাযতে রাখুনএবং ধারদেনা এড়িয়ে চলুন

| |
|---|
| টাকা ধার করা খুবই সহজ। আপনাকে শুধু এখানে স্বাক্ষর করতে হবে! |
| না! |

EA-দের FDH-দের আর্থিক বিষয়ে জড়িত হওয়া উচিত নয়, অথবা FDH-দের জন্য ঋণের ব্যবস্থা করা উচিত নয়, অন্যথায় EA-দের লাইসেন্স বাতিল করা হতে পারে। এছাড়াও, নিয়োগকর্তাদের FDH-দের পক্ষে কোনো ঋণ পরিশোধের জন্য FDH-দের মজুরি থেকে কর্তন করা উচিত নয়। FDH-দের উচিত তাদের অর্থকে বিচক্ষণভাবে পরিচালনা করা এবং ঋণের ফাঁদ এড়িয়ে চলা।

## "নিয়োগকর্তা পরিবর্তন করার প্রবণতা" থেকে বিরত থাকুন

| |
|---|
| আমি সবসময় ঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখি।<br><br>বয়স্কদের ভালো যত্ন নিতে পারদর্শী ।<br><br>সবাই আমার খাবারের প্রতি থাম্বস আপ দেয়।<br><br>বেবি-সিটিং এবং চাইল্ড মাইন্ডিং-এ কোনো সমস্যা নেই। |
| গৃহকর্মীরা অনেক কিছুতে ভালো এবং তারা ঘরের কাজকর্মে সাহায্যকারী। |
| গৃহকর্মীরা পরিবারের অংশ এবং সুতরাং এত সহজে তাদের চাকরি ছেড়ে দেওয়া উচিত নয়! |

পরিবারের দেখভাল করতে সাহায্য করার জন্য নিয়োগকর্তারা FDH-দের নিয়োগ দেন। তারা সবাই আশা করেন যে, FDHগণ চুক্তিটির মেয়াদ সম্পন্ন করতে সক্ষম হবেন। যদি কোনো FDH চুক্তির মেয়াদ শেষ হওয়ার আগেই চলে যান, তাহলে নিয়োগকর্তা পরিবারের যত্ন নেওয়ার জন্য অবিলম্বে একজন বিকল্প খুঁজে পেতে সক্ষম হবেন না। বিদ্যমান নীতির অধীনে, সাধারণত ব্যতিক্রমী কোনো পরিস্থিতি (উদাহরণস্বরূপ নিয়োগকর্তা FDH-

এর সাথে দুর্ব্যবহার করেন) তৈরি না হলে চুক্তির মেয়াদ শেষ হওয়ার আগে নিয়োগকর্তা পরিবর্তনের জন্য FDH-দের আবেদন গ্রহণযোগ্য হবে না। যদি কোনো FDH নতুন কোনো নিয়োগকর্তার চাকরি নিতে চান, তাহলে তাকে অবশ্যই তার জন্মস্থানে ফিরে যেতে হবে এবং আবার হংকং-এ চাকরির জন্য আবেদন করতে হবে। যদি একজন FDH নিয়োগকর্তা পরিবর্তনের জন্য চুক্তির মেয়াদ শেষ হওয়ার আগেই চুক্তি সমাপ্তির অপব্যবহার করছেন বলে সন্দেহ হয়, তাহলে হংকং-এ চাকরির জন্য তার ভবিষ্যত আবেদন প্রত্যাখ্যান করা হতে পারে।

## অবস্থান করা সংক্রান্ত শর্ত মেনে চলুন

| |
|---|
| শিক্ষার্থীরা স্কুলের নিয়ম না মানলে তাদের বহিষ্কার করা হতে পারে। |
| তেমনি মারিয়াকেও ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মকানুন মানতে হবে! |
| মারিয়া, আমি তোমাকে খুব পছন্দ করি। আমি চাইনা তোমাকে তোমার নিজ দেশ ফেরত পাঠিয়ে দেওয়া হোক! |

যদি কোনো FDH তার ভিসায় উল্লেখিত শর্তাদি ভঙ্গ করেন, যেমন চাকরির মেয়াদ হওয়ার পরও অতিরিক্ত সময় অবস্থান করেন বা নিয়োগকর্তা ব্যতীত অন্য ব্যক্তির কাজ করেন বা খণ্ডকালীন কাজ করেন, তাহএল তিনি বিচারের আওতায় আসবেন এবং তাকে তার নিজ দেশ ফেরত পাঠানো হতে পারে। যদি কোনো ব্যক্তি একজন FDH-কে তার অবস্থান করা সম্পর্কিত শর্তাদি লঙঘন করতে সহায়তা করেন তাহলে তিনিও বিচারের জন্য আওতায় আসবেন।

## বিদেশী গৃহকর্মী পোর্টাল:

http://www.fdh.labour.gov.hk

LD'র একটি ডেডিকেটেড FDH পোর্টাল রয়েছে যা FDH-দের কর্মসংস্থান সংক্রান্ত নীতি, আইন ইত্যাদি বিষয়ে তথ্য প্রদান করে। পোর্টালটিতে FDH-দের কর্মসংস্থান বিষয়ক অধিকার সম্পর্কিত প্রকাশনা এবং প্রচারমূলক ভিডিওর মতো বিভিন্ন প্রয়োজনীয় তথ্যও রয়েছে। পোর্টালটি চীনা এবং ইংরেজি ছাড়াও তাগালগ, বাহাসা ইন্দোনেশিয়া, থাই, ইত্যাদি ভাষায় পাওয়া যায় যাতে FDH-দের তথ্য বুঝতে সুবিধা হয়। FDH-গণ যেকোনো স্থানে এবং যেকোনো সময়, এমনকি হংকং-এ তাদের আগমনের আগেও উক্ত পোর্টালে অ্যাক্সেস পেতে পারেন।

## কর্মসংস্থান সংস্থাসমূহের পোর্টাল:

http://www.eaa.labour.gov.hk

হংকং স্পেশাল অ্যাডমিনিস্ট্রেটিভ রিজিয়নের সরকার নিয়োগকর্তাদের EA-এর মাধ্যমে FDH-দের নিয়োগ দেওয়ার শর্ত আরোপ করে না, অথবা FDH-দের জন্য EA-এর মাধ্যমে হংকং-এ চাকরি খোঁজার শর্ত নেই। তবে, হংকং-এর নিয়োগকর্তাদের জন্য EA-এর মাধ্যমে FDH-গণকে নিয়োগ করার প্রচলন রয়েছে। LD হংকং-এ EA সংক্রান্ত বিধি-বিধান এবং প্রকাশনাসমূহের অ্যাক্সেস পেতে নিয়োগকর্তা এবং চাকরি-প্রার্থীদের জন্য একটি ডেডিকেটেড EA পোর্টাল চালু রেখেছে। পোর্টালটিতে একটি সার্চ অপশন রয়েছে যাতে সাধারণ মানুষ একটি EA-কে সার্চ করে যাচাই করতে পারে যে, এর বৈধ লাইসেন্স আছে কিনা। সার্চ অপশনের মাধ্যমে অনুসন্ধানকারীরা EA-গুলোকে জেলা, সেগুলো কোন ধরনের চাকরি দিয়ে থাকে, ইত্যাদি অনুসন্ধান করার সুযোগপ্রদান করে।

## হটলাইন:

### FDH-দের অধিকার এবং শ্রম আইন সম্পর্কে ("1823" দ্বারা পরিচালিত)

2717 1771

2157 9537 (FDH-দের জন্য ডেডিকেটেড হটলাইন)

### EA বিষয়ক বিধি-বিধান সম্পর্কে

2115 3667

## ওয়েবসাইট:

http://www.labour .gov.hk